

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
রাষ্ট্রীয় অতিথি ভবন
ঢাকা

নং- এম,এফ/রাঅভ/(পসুয)/২০১৬-২০১৭/০২

তারিখঃ ০৬ সেপ্টেম্বর ২০১৬

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)
সেগুন বাগিচা, ঢাকা।

প্রেরকঃ মুহাম্মদ সফিউল আজম
সহকারী সচিব (সফর-১)
আয়ন ও ব্যয়ন কর্মকর্তা
রাষ্ট্রীয় অতিথি ভবন

বিষয়ঃ জনাব খোন্দকার মামুনুল হক, হিসাবরক্ষক, রাষ্ট্রীয় অতিথি ভবন, ঢাকা এর অনুকূলে আগামী ১৫-২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত ছুটি ভোগের তারিখ হতে ১৪ (চৌদ্দ) দিনের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরী প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, জনাব খোন্দকার মামুনুল হক, হিসাবরক্ষক, রাষ্ট্রীয় অতিথি ভবন, ঢাকা তার স্ত্রীর চিকিৎসা জনিত কারণে ভারত সফর করবেন। এ সফর উপলক্ষ্যে তার অনুকূলে আগামী ১৫-২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত ছুটি ভোগের তারিখ হতে মোট ১৪(চৌদ্দ) দিনের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটির মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। এ সফরকালীন বেতন ভাতাদি তিনি স্থানীয় মুদ্রায় প্রাপ্য হবেন। বেতন ভাতাদির কোন অংশই তিনি বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরীপত্র জারী করা হলো।

(মুহাম্মদ সফিউল আজম)
সহকারী সচিব (সফর-১)
ফোন : ৯৫৫৩১৯৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/বেনাপল স্থলবন্দর, যশোর।
২. সহকারী কমিশনার (কাষ্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/বেনাপল স্থলবন্দর, যশোর।
৩. সহকারী সচিব (আইসটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব খোন্দকার মামুনুল হক, হিসাবরক্ষক, রাষ্ট্রীয় অতিথি ভবন, ঢাকা।
৫. অফিস কপি।

(মুহাম্মদ সফিউল আজম)
সহকারী সচিব (সফর-১)